

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪১৬৬
বিশালগড়, ১২ ডিসেম্বর, ২০২৩

প্রতি ঘরে সুশাসন ২.০
ছেসরিমাই গ্রাম পঞ্চায়েতে বিকাশ শিবির

প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে সম্প্রতি চড়িলাম ব্লকে ছেসরিমাই গ্রাম পঞ্চায়েত কার্যালয় প্রাঙ্গনে বিকাশ শিবির অনুষ্ঠিত হয়। তাছাড়াও এই অভিযানে ব্লকের বাঁশতলি ভিলেজ কার্যালয় প্রাঙ্গনেও বিকাশ শিবির অনুষ্ঠিত হয়েছে। ছেসরিমাই গ্রাম পঞ্চায়েত প্রাঙ্গনে অনুষ্ঠিত বিকাশ শিবিরে ছেসরিমাই, বিশ্রামগঞ্জ ও বড়জলা গ্রাম পঞ্চায়েতের জনসাধারণ বিভিন্ন সরকারি প্রকল্প ও পরিষেবার সুবিধা গ্রহণ করেন। তাছাড়া বাঁশতলি শিবিরে আমতলি ভিলেজ, পদ্মনগর ভিলেজ ও বাঁশতলি ভিলেজের জনসাধারণ বিভিন্ন সুবিধা গ্রহণ করেন। এই দুটি বিকাশ শিবির থেকে প্রায় ৩৯৪ জন গ্রামবাসী কৃষি ও কৃষক কল্যাণ, মৎস্য, প্রাণীসম্পদ বিকাশ, স্বাস্থ্য, খাদ্য, শ্রম, শিল্প ও বাণিজ্য প্রভৃতি দপ্তরের পক্ষ থেকে বিভিন্ন সুযোগ সুবিধা গ্রহণ করেন।
